

**কম্পিউটার শিক্ষকদের  
বেতন নিশ্চিতের দাবি**

নিজস্ব প্রতিবেদক >

মাধ্যমিক পর্যায়ের কম্পিউটার শিক্ষকদের দ্রুত বেতন-ভাতা নিশ্চিত করার দাবি জানিয়েছে বাংলাদেশ এমপিওবর্ধিত সহকারী শিক্ষক (কম্পিউটার) কমিটি। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও সমাবেশ থেকে এ দাবি জানানো হয়। সমাবেশে বক্তব্য দেন কমিটির আহ্বায়ক মো. আশিকুজ্জামান, যুগ্ম আহ্বায়ক এস এম শাহীমুর রহমান, কেন্দ্রীয় নেতা তাপস মওল, মারুফ আহমেদ, মো. রফিকুজ্জামান, মোজাম্মেল হোসেন প্রমুখ।